7

দৈনিক সংবাদ

তারিখ ...20 FEB 1993 ...
পৃষ্ঠা... ৮ ...কলাম... ৩...

# শিক্ষা প্রতিষ্ঠানে গোলযোগ সৃষ্টি করলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে

সাতক্ষীরা ও কলারোয়া কলেজ ছাত্র সংসদের নবনির্বাচিত নেতারা জেলা বিএন-পি'র নেতাদের সঙ্গে নিয়ে গতকাল শুক্রবার সন্ধ্যায় সুগন্ধায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে দেখা করেন।

বাসস জানায়, বেগম জিয়া বিভিন্ন ক্ষেত্রে আগামী দিনে নেতৃত্ব দেয়ার জন্য নিজেদেরকে প্রস্তুত করতে লেখাপড়ায় মনোনিবেশ করার জন্য ছাত্রদের প্রতি আহ্বান জানান। এ প্রসঙ্গে তিনি বলেন, ছাত্ররা পড়াশোনা করার জন্য যাতে বিদেশ না যায় সেজন্য আমাদের শিক্ষার মান বাড়াতে হবে।

প্রধানমন্ত্রী বলেন, তার সরকার শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। কেননা, জনগণকে সচেতন করে তোলার হাতি-য়ারই হচ্ছে শিক্ষা।

কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাসের কথা উল্লেখ করে তিনি বলেন, গোল-যোগকারীদের বিরুদ্ধে সরকার কঠোর ব্যবস্থা গ্রহণ করবে।

জাতীয়তাবাদী ছাত্রদলের সঙ্গে জড়িত ছাত্রদের উদ্দেশ্যে তিনি বলেন, সহিংসতা ও বিশৃংখলার পথ পরিহার করার জন্য অন্য সংগঠনের সদস্যদের বোঝানোর দায়িত্ব তাদেরই।

বেগম জিয়া বলেন, পড়াশোনার জন্য ছাত্ররা যাতে বিদেশ না যায় সে জন্য শিক্ষার সুস্থ পরিবেশ ফিরিয়ে আনতে হবে।

প্রধানমন্ত্রী বলেন, সাতক্ষীরা সরকারী কলেজে প্রাথমিক পর্যায়ে দু'টি বিষয়ে অনার্স কোর্স চালুর বিষয় সরকার বিবেচনা করে দেখবে।